বিএনপি বিরিয়ানি ভাগাভাগির রাজনীতি করে না: রাশেদ খাঁন



রাশেদ খান। ছবি: সংগৃহীত

বিএনপি আসন ভাগাভাগি বা সুবিধা দেওয়ার রাজনীতি করে না বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খাঁন। রোববার (২৫ অক্টোবর) সন্ধ্যায় নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে তিনি এ কথা বলেন।

পোস্টে রাশেদ খাঁন দাবি করেন, আসিফ মাহমুদ ও মাহফুজ আলম একসময় বিএনপির হয়ে নির্বাচনে অংশ নিতে আগ্রহী ছিলেন। তবে বিএনপি অন্তর্বর্তী সরকারের কোনো উপদেষ্টাকে দলীয় প্রতীকে নির্বাচনে আনতে চায়নি বলে উল্লেখ করেন তিনি।

এনসিপির আসন সমঝোতা নিয়ে অসন্তোষের কারণে দলটি জামায়াতের জোটে গেছে বলে দাবি করেন রাশেদ খাঁন। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের পদত্যাগের দাবিতে এনসিপির কর্মসূচিরও সমালোচনা করেন তিনি।

পোস্টের শেষাংশে রাশেদ খাঁন লেখেন, বিএনপি রাষ্ট্র পুনর্গঠনের রাজনীতি করে, বিরিয়ানি ভাগাভাগির নয়। জামায়াত ও এনসিপি বিএনপির কাছে আসন বা অন্য সুবিধা চেয়ে তা পাবে না বলেও মন্তব্য করেন তিনি।